গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আনন্দ মোহন কলেজ,ময়মনসিংহ।

নং- ৮৮৪/২৬

তারিখঃ ০৪/০৪/২০২৩ ইং

২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

২০২২-২৩ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন ফরম আগামী ০৬/০৪/২৩ হতে - ০৯/০৫/২০২৩ তারিখ পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতিত) প্রতিদিন **সকাল ১১.০০ টা থেকে দুপুর ২.০০** টার মধ্যে জমা দেয়া যাবে।

প্রাথমিক আবেদনের নিয়মাবলী ও শর্তসমূহ নিম্নরুপঃ

*** প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার স্থানঃ বিজ্ঞান শাখা-উদ্ভিদবিদ্যা বিভাগ সেমিনার, মানবিক শাখা-অর্থনীতি বিভাগ এবং ব্যবসায় প্রশাসন শাখা-ব্যবস্থাপনা বিভাগ।**

* অন-লাইনে প্রাথমিক আবেদন করার শেষ তারিখঃ ০৮/০৫/২০২৩ খ্রি: (রাত ১২ টা পর্যন্ত)

* অন-লাইনে পূরণকৃত প্রাথমিক আবেদনের প্রিন্ট কপি(প্রয়োজনীয় কাগজপত্র সহ) অত্র কলেজে জমা দেয়ার শেষ তারিখঃ ০৯/০৫/২০২৩ খ্রি.:

প্রাথমিক আবেদন ফি ২৫০/- টাকা (শিওর ক্যাশের মাধ্যমে জাবিঃ ভর্তি ফরমে উল্লিখিত ভর্তি রোল ব্যবহার করে জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরমের উপরে শিওর ক্যাশের TXN. ID, সচল মোবাইল নম্বর এবং আবেদন ফরমের PIN লিখে দিতে হবে)।

*** এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মেধা-তালিকা প্রকাশ হবে।

১. আবেদনের যোগ্যতাঃ

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা হতে ২০২১/২০২২ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ও ২০১৯/২০২০ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে কমপক্ষে জি.পি.এ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে;

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা হতে ২০২১/২০২২ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ও ২০১৯/২০২০ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে কমপক্ষে জি.পি.এ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে;

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি(ভোকেশনাল) ii) এইচ.এস.সি.(বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীরা জা.বি. ওয়েবসাইট থেকে যোগ্যতা জানতে পারবে।

ঙ) আবেদনকরীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

২.অন-লাইনে প্রাথমিক আবেদনের নিয়মাবলী ঃ

শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.ac.bd/admissions) এর Apply Now (Honours) অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার অর্জিত এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার রোল নম্বর, শিক্ষাবোর্ড, পাশের সন ইত্যাদি এন্ট্রি দিবে। এই অপশনে শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী একটি কলেজ/ইন্সটিটিউটের নাম select করলে শিক্ষার্থী তার প্রার্থিত পঠিত বিষয়ের তালিকা দেখতে পাবে এবং সতর্কতার সংগে প্রার্থিত কলেজ ও বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করবে। পরবর্তী পর্যায়ে আবেদন ফরমে শিক্ষার্থীর সদ্য তোলা রঙ্গিন ছবি স্ক্যান করে(ছবি মাপ 120x150 Pixels, Image type: jpg এবং maximum file size: 50 KB.) আপলোড করতে হবে এবং submit অপশনে গিয়ে ফরম download করে A4 সাইজ কাগজে প্রিন্ট নিতে হবে। সঠিকভাবে ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের ২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স শ্রেণীর ভর্তি নির্দেশিকা (www.nu.ac.bd/admissions) অনুসরণ করতে হবে। আবেদন পত্রের নির্দিষ্ট জায়গায় প্রার্থীকে অবশ্যই স্বাক্ষর দিতে হবে। এইচএসসি/সমমান পরীক্ষায় যে শাখা হতে উত্তীর্ণ হয়েছে সেই শাখা থেকেই ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

৩. প্রয়োজনী কাগজপত্র (০১সেট)ঃ অন-লাইনে পূরণকৃত আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে ঃ-

ক) আবেদন পত্রের সঙ্গে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পাশের মূল নম্বর পত্রের ও রেজিঃকার্ড-এর ফটোকপি (পাঁচটি কপির একটি সেট) জমা দিতে হবে।

খ) চূড়ান্ত ভর্তির সময় অবশ্যই মূল কাগজ পত্র বিভাগে জমা দিতে হবে ।

৪. মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটার আবেদনকারীদেরকে অবশ্যই তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। এ ক্ষেত্রে জা.বি.ভর্তি নির্দেশিকার ৪ ও ৫ অনুচ্ছেদ অবশ্যই অনুসৃত হবে। মুক্তিযোদ্ধা কোটার আবেদন জমার সময় মুক্তিযোদ্ধার মূল সনদ (মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত) ও আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/পৌর কাউন্সিলরের মূল প্রত্যয়নপত্র দেখাতে হবে। আদিবাসীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক, প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত, পোষ্য কোটার ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর হতে পোষ্য হিসাবে সংগৃহীত প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

৫. চুড়ান্ত ভর্তিঃ ক) মেধাতালিকা প্রকাশঃ পরবর্তীতে জানানো হবে;

খ) চুড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের অন-লাইনে আবেদন ফরম পূরণঃ জাতীয় বিশ্ববিদ্যালয় পরবর্তীতে জানাবে;

গ) চুড়ান্ত আবেদন ফরম,প্রয়োজনীয় কাগজপত্র ও ভর্তির জন্য নির্ধারিত ফি কলেজে জমা দেওয়ার শেষ তারিখঃ জাতীয় বিশ্ববিদ্যালয় পরবর্তীতে জানাবে;

*** ভর্তির সময় স্বশরীরে উপস্থিত হয়ে ভর্তি কাজ সম্পন্ন করতে হবে। ভর্তি সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য কলেজের নোটিশবোর্ড/ওয়েব সাইট (www.anandamohangovtcollege.edu.bdও(www.nu.ac.bd/admissions অথবা admissions.nu.ac.bd) ঠিকানায় ভিজিট করুন।

বিঃদ্রঃ ১. বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে সেমিনার ফি,কলেজ ভর্তি ফরম,জাবিঃ ভর্তি ফরম,মূল কাগজপত্র শিক্ষার্থীর নিকট ফেরৎ না দিয়ে পরিবর্তিত বিভাগের নিকট হস্তান্তর করবেন।

২. পূর্বে ভর্তিকৃত (২০২১-২২ শিক্ষাবর্ষের) কোন শিক্ষার্থী অন্য কোন বিষয়ে ভর্তির ক্ষেত্রে অথবা অন্য কোন কারনে মূল কাগজ পত্র ফেরত নিতে চাইলে শিক্ষার্থী নিজ দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে পূর্বের ভর্তি বাতিলপূর্বক বাতিলের কাগজ প্রদর্শন করে কাগজপত্র ফেরৎ নিবে এবং শিক্ষার্থীর পছন্দের ভিত্তিতে মনোনয়ন প্রাপ্ত বিভাগে ভর্তি হবে। কোন ক্রমেই ভর্তি বাতিলের কপি ছাড়া মূল কাগজপত্র ফেরৎ দেয়া যাবে না।

০৫/০৪/২৩
অধ্যক্ষ
আনন্দ মোহন কলেজ
ময়মনসিংহ।